# ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ কাউকে দেখা করতে যাওয়ার আদব

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## সাক্ষাতে গেলে ইমামতি না করা

আপনি যাকে দেখা করতে যাচ্ছেন, সে যদি আপনার থেকে জ্ঞানে-মানে ছোটও হয়, তবুও আপনি নিজ থেকে তার ইমামতির জায়গায় ইমামতি করবেন না এবং তার আসনে বা বিছানায় বসবেন না। অবশ্য সে অনুমতি দিলে বা অনুরোধ করলে আলাদা কথা।

রাসুল (ﷺ) বলেন, ‘‘--- আর কোন ব্যক্তি যেন অপর ব্যক্তির জায়গায় তার বিনা অনুমতিতে ইমামতি না করে এবং না কেউ কারো ঘরে তার বসার জায়গায় তার বিনা অনুমতিতে বসে।’’[1]

তিনি আরো বলেন, ‘‘যখন তোমাদের কেউ কোন সম্প্রদায়ের যিয়ারতে যায়, তখন সে যেন তাদের ইমামতি না করে। বরং তাদের মধ্যেই কেউ যেন ইমামতি করে।’’[2]

### ফুটনোট

[1]. আহমাদ ৪/১১৮, মুসলিম আল-মাকতাবাতুশ-শামেলা হা/৬৭৩, সুনান আরবাআহ, মিশকাত হা/ ১১১৭

[2]. সহীহুল জা’মে হা/৫৮৪

Source — https://www.hadithbd.com/books/link/?id=8011

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন